দৈনিক খবর

114

তারিখ 01 MAY 1990
পৃষ্ঠা 2 কলাম 6

# ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশন বৃহস্পতিবার

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা বাতিলের পক্ষে উচ্চতর আদালত আবারো রায় দিয়েছে এবং আগামী ৩রা মে আহূত ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বিশেষ অধিবেশন বসছে।

জানা গেছে, ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতের আদেশের বিরুদ্ধে আপীল মোকদ্দমার রায়ে গতকাল সোমবার ঢাকার দ্বিতীয় অতিরিক্ত জেলা দায়রা জজ ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা না দেয়ার পক্ষে রায় দিয়েছে। উল্লেখ্য, রেজিস্টার্ড গ্রাজুয়েটদের পক্ষ থেকে দেয়া আবেদনের প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ওপর আরোপিত আদালতের নিষেধাজ্ঞা সংক্রান্ত মামলায় ঢাকার চতুর্থ সহকারী জজ আদালত গত ২৮শে ফেব্রুয়ারী

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

দেয়া আদেশে সিনেটের কার্যক্রমের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা বহাল রাখার পক্ষে রায় দেয়। এ রায়ের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উচ্চতর আদালতে আপীল করেন। এই আপীল মামলার একতরফা শুনানির পর দেয়া রায়ে ঢাকার দ্বিতীয় অতিরিক্ত জেলা দায়রা জজ নিষেধাজ্ঞা প্রত্যাহারের পক্ষে রায় দেয় এবং মামলার রেসপন্ডেন্টদের পক্ষ থেকে রায় পুনর্বিবেচনার আবেদন জানান হয়। এ আবেদনের প্রেক্ষিতে দ্বিতীয় অতিরিক্ত জেলা দায়রা জজ আদালতে গত ২৩ ও ২৫শে এপ্রিল অনুষ্ঠিত চূড়ান্ত শুনানিতে উভয় পক্ষের বক্তব্য শোনার পর গতকাল মামলার রায় ঘোষণা করা হয়।

দ্বিতীয় অতিরিক্ত জেলা দায়রা জজ ইসমাইল মিয়ার দেয়া রায়ে বলা হয়, রেসপন্ডেন্ট/বাদীগণ অস্থায়ী নিষেধাজ্ঞা পাওয়ার যোগ্য বলে আমি মনে করি না। এহেন অবস্থায় বিজ্ঞ নিম্ন আদালতের তর্কিত আদেশটি আইনতঃ ও ন্যায়তঃ অনুমোদনযোগ্য নয় বলে অত্র আপীল আদালত অভিমত পোষণ করেন।